

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 17-02-2025**

**Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

- ১) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনে রাজ্যপালের অভিভাষণের ওপর আলোচনা আজ শুরু হচ্ছে।
- ২) বাগিচা শ্রমিকদের কল্যাণ এবং চা-শিল্পের বর্তমান অবস্থা নিয়ে বৈঠকে বসতে চলেছে রাজ্য সরকার।
- ৩) ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য দ্রুত শুরু হবে জমি অধিগ্রহণের কাজ।
- ৪) অনুপ্রবেশকারী এবং রোহিঙ্গাদের বিরুদ্ধে ব্যবস্থা না নিলেও রাজ্য পুলিশ বেছে বেছে হিন্দু শরনার্থীদের গ্রেপ্তার করছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি মন্তব্য করেছেন।
- ৫) কলকাতা বিমান বন্দরের কাছে বেলঘরিয়া এক্সপ্রেসওয়েতে মর্মান্তিক পথ দুর্ঘটনায় একই পরিবারের তিনজনের মৃত্যু।
- ৬) আই এস এল ফুটবলে যুব ভারতীয় ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল ৩-১ গোলে মহামেডান স্পোটিং-কে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চারদিন বিরতির পরে আজ ফের রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন বসতে চলেছে। সকালে প্রশ্নোত্তর পর্বের পরে দ্বিতীয়ার্ধে রাজ্যপালের অভিভাষণের উপরে তিন ঘন্টা আলোচনার কার্যসূচি রয়েছে। আগামীকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যপালের অভিভাষণের উপরে জবাবী ভাষণ দেবেন। বক্তব্য রাখবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও। তাঁদের বক্তৃতার পরেই শেষ হবে রাজ্যপালের ভাষণ নিয়ে আলোচনা। বুধ এবং বৃহস্পতিবার অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের পেশ করা বাজেট নিয়ে পর্যালোচনা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সি ভি আনন্দ বোস বাজেট অধিবেশনের প্রথম দিনে বিধানসভায় তাঁর ভাষণ নিয়ে বিরোধীদের সমালোচনা খারিজ করে দিয়েছেন। এক বিবৃতিতে রাজ্যপাল বলেন যে তার ভাষণ রাজ্য সরকারের নীতির প্রতিফলন, রাজত্বনের নীতির নয়। উল্লেখ্য গত ১০ই ফেব্রুয়ারি রাজ্যপাল সিভি আনন্দ বোসের ভাষণের পরেই, বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বলেছিলেন যে রাজ্যপালের ভাষণ আসলে তৃণমূল কংগ্রেস এর লিখে দেওয়া বক্তব্যের সংশোধিত রূপ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাগিচা শ্রমিকদের নূন্যতম মজুরি, চা সুন্দরী প্রকল্প সহ উত্তরবঙ্গের চা শিল্পের বর্তমান অবস্থা নিয়ে পর্যালোচনা করতে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্যসচিব মনোজ পন্থ এর পৌরহিত্যে আগামীকাল নবাব্বে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকবেন শ্রমমন্ত্রী মলয় ঘটক, শ্রম সচিব, ভারতীয় চা পর্যাদের চেয়ারম্যান, ডেপুটি চেয়ারম্যান। চা বাগানের মালিক সংগঠন, ক্ষুদ্র চা চাষী সংগঠনের প্রতিনিধিদেরকেও চিঠি পাঠিয়ে থাকতে বলা হয়েছে। এছাড়াও আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, দার্জিলিং, দুই দিনাজপুর সহ উত্তরবঙ্গের ৬ জেলার

জেলাশাসকদেরও ভার্চুয়ালি বৈঠকে যোগ দেওয়ার কথা বলা হয়েছে বলে শ্রম দপ্তর সূত্রে জানা গিয়েছে।

000000000000000000000000

SUCI ( কমিউনিস্ট ) এর কৃষক সংগঠন অল ইন্ডিয়া কিষাণ ক্ষেত মজদুর সংগঠন (AIKKMS) কেন্দ্রীয় সরকারের নয়া খসড়া কৃষি বিল ন্যাশনাল পলিসি ফ্রেমওয়ার্ক অন এগ্রিকালচারাল মার্কেটিং বাতিলের দাবি জানিয়েছে। সংগঠনের তরফে গতকাল এক বিবৃতিতে ফসলের উৎপাদন খরচের দেড়গুণ হারে ন্যূনতম সহায়ক মূল্য MSP প্রদান, কৃষি ঝণ মকুব সহ একাধিক দাবি জানান। দাবি আদায়ে আগামী ২৫শে ফেব্রুয়ারি অল ইন্ডিয়া কিষাণ ক্ষেত মজদুর সংগঠন (এ আই কে কে এম এস) কলকাতার শহীদ মিনার ময়দানে মহাসমাবেশের আহ্বান করেছে। ঐদিন ভারতবর্ষে ১৮টি রাজ্যের রাজধানী শহরে একই দাবিতে কৃষক সমাবেশ হবে বলে তিনি জানান।

000000000000000000000000

ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য সরকার দ্রুত জমি অধিগ্রহণের কাজ শুরু করবে বলে সেচ মন্ত্রী ডষ্টের মানস ভুইএঁ জানিয়েছেন। এই কাজের জন্য যাতে জমির কোনো সমস্যা না হয়, সেজন্য মানুষকে বোঝানো হবে বলেও তিনি জানিয়েছেন।

## বাইট

গতকাল ঘাটালের টাউন হলে মাস্টার প্ল্যান রূপায়নের জন্য জেলা স্তরের তদারকি কমিটির একটি গুরুত্বপূর্ণ বৈঠক বসে। সেচ মন্ত্রী ছাড়াও ঘাটালের সাংসদ দীপক অধিকারী - দেব, জেলাশাসক, পুলিশ সুপার সহ আধিকারিকরা উপস্থিত ছিলেন। দেব বলেন, নির্বাচনের আগে যে প্রতিশ্রূতি তৃণমূল সর'কার দিয়েছিল তা পূরণ হতে চলেছে

## বাইট

উল্লেখ্য, রাজ্য বাজেটে ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য ৫০০ কোটি টাকা বরাদ্দ করেছে সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নতুন দিল্লী স্টেশনে ভড়োভড়ি এবং পদপিষ্ট হবার ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। উপযুক্ত পরিকল্পনা এবং নিরাপত্তা ব্যবস্থাপনার অভাবের কারণেই এরকম ঘটনা বলে এক্স হান্ডেলে তিনি উল্লেখ করেছেন।

এদিকে দিল্লী রেল স্টেশনে পদপিষ্ট হবার ঘটনাকে লুকানোর চেষ্টা হয়েছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। একই সঙ্গে দলের তরফে রেলমন্ত্রী অশ্বিনী বৈঞ্জনিক পদত্যাগের দাবিও জানানো হয়েছে।

তৃণমূল কংগ্রেসের মুখ্যপাত্র কুণাল ঘোষ বলেন, চূড়ান্ত অব্যবস্থা, পরিচালন ব্যবস্থার ক্রটির কারণেই এত বড় দুর্ঘটনা।

### বাইট

কোনও ষড়যন্ত্র অথবা ভুয়ো তথ্য প্রচারের কারণেই এই দুর্ঘটনা কিনা, তা রেল মন্ত্রক তদন্ত করে দেখছে বলে বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার জানিয়েছেন।

### বাইট

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মহাকুষ্টে চরম অব্যবস্থা ও পরিকাঠামোগত অভাবের কারণে পদপিষ্ট হয়ে অনেক পুণ্যার্থীর প্রাণ চলে গেলেও তা থেকে/ সর'কার শিক্ষা নেয়নি বলে কংগ্রেস অভিযোগ করেছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষণ সরকার এক বিবৃতিতে বলেছেন, নতুন দিল্লী স্টেশনের ঘটনা রেলের এক কলঙ্কজনক অধ্যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশ থেকে আসা শরণার্থীদের গ্রেফতার করা হলেও অনুপ্রবেশকারী ও রোহিঙ্গা মুসলমানদের বিরুদ্ধে পুলিশ কোন ব্যবস্থা নিচ্ছে না বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। কলকাতায় গতকাল বাংলাদেশ ইন ক্রাইসিস শীর্ষক এক আলোচনা সভায় যোগ দিয়ে শুভেন্দুবাবু বলেন, অত্যাচারিত হয়ে যেসব হিন্দু এদেশে আসছেন, তাঁরা শরণার্থী, অথচ রাজ্যের পুলিশ তাদের গ্রেফতার করছে। এক্ষেত্রে পুলিশকে আরও মানবিক হওয়া উচিত বলে তিনি মন্তব্য করেন।

(বাইট - শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

|        |                  |       |                      |
|--------|------------------|-------|----------------------|
| কলকাতা | বিমানবন্দরের তিন | নম্বর | গেটের কাছে বেলঘরিয়া |
|--------|------------------|-------|----------------------|

এক্সপ্রেসওয়েতে গতকাল সন্ধ্যায় মর্মান্তিক পথ দুর্ঘটনায় একই পরিবারের তিনজন প্রাণ হারিয়েছেন। জানা গেছে বিশ্রপাড়ার বাসিন্দা জয়দীপ দাশগুপ্ত নামে বছর ৫১-র এক ব্যক্তি, স্ত্রী নিপা এবং কন্যা সূজনী-কে নিয়ে দক্ষিণেশ্বর থেকে এয়ারপোর্টের দিকে স্ফুটিতে করে যাবার সময় একটি ট্রাক তাঁদের চাপা দেয়। গুরুতর আহত অবস্থায় তাঁদের বারাসাত স্টেট জেনারেল হাসপাতাল নিয়ে যাওয়া হলে মৃত বলে ঘোষণা করা হয়। পুলিশ ট্রাকটিকে আটক করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

|  |
|--|
| ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন এর সত্যজিৎ রায় প্রেক্ষাগৃহে গতকাল |
|--|

সূচনা হয়েছে ফোরাম ফর ফিল্ম স্টাডিজ অ্যান্ড এলায়েড আর্টসের ত্রয়োদশ আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের। উদ্বোধন করেন ভারতে নিযুক্ত ফিনল্যান্ড দূতাবাসের সচিব আইরিশ মাতা।

একটি প্রতিবেদন -

( ভয়েসকাস্ট - অভিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ পশ্চিমী শীতল বাতাস বায়ুমন্ডলে প্রবেশ করায় দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রা সামান্য কমলেও আগামী কয়েকদিন তা ফের উর্ধ্বমুখী থাকবে বলে আলিপুর আবহাওয়া দণ্ডের জানিয়েছে। বুধবার থেকে দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় হাঙ্কা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গ ছাড়াও রাজ্যের বাকি অংশে সকালের দিকে হাঙ্কা থেকে মাঝারি কুয়াশা থাকবে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের তুলনায় ৪ দশমিক ৫ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

যুবভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলে গতকাল ইস্টবেঙ্গল ৩-১ গোলে মহামেডান স্পোর্টিং কে পরাজিত করেছে। ইস্টবেঙ্গলের পক্ষে নাওরেম মহেশ, সল ক্রেসপো, ডেভিড লাললানসঙ্গ গোল করেছেন। মহামেডান স্পোর্টিংয়ের হয়ে একটি গোল শোধ করেন ফ্রাঙ্কা।

ইস্টবেঙ্গল ২০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের একাদশ স্থানে রইল। ১৩ দলের লিগে সর্ব শেষ স্থানে থাকা মহামেডান স্পোর্টিং এর সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১১

।

০০০০০০০০০০০০০০০০০০০০০০